গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**সভার কার্যবিবরণী**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৪.০০৩.১৭/ ২৪২

তারিখঃ ২৬ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ বিড়ি ব্যান্ডরোল ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর হতে বিড়ি ব্যান্ডরোল সংগ্রহে উদ্ভুত জটিলতা নিরসনের লক্ষ্যে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
সভার তারিখঃ ০৪ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ (সকাল ১১:০০ টা)।
সভার স্থানঃ জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষ।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয় দাপ্তরিক কাজে বাইরে থাকায় সদস্য (মূসক নীতি) এর সভাপতিত্বে বিগত ০৪ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর হতে বিড়ি ব্যান্ডরোল সংগ্রহের ক্ষেত্রে উদ্ভুত জটিলতা নিরসনের লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **সংলাগ-ক** তে উপস্থাপন করা হলো। সদস্য মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, বিগত অর্থবছরে বিড়িকে খুচরা মূল্যের আওতাভুক্ত করা হয়। ফলে আইনানুযায়ী বিড়ি প্রতিষ্ঠান রেয়াত প্রাপ্য হয়। মাঠ পর্যায় থেকে রেয়াত সংক্রান্ত এ জটিলতা নিরসনকল্পে পত্র প্রেরণ করা হয়। জাতীয় রাজস্ব বোর্ড আইনী জটিলতা নিরসনের লক্ষ্যে রেয়াত গ্রহণ সাপেক্ষে ব্যান্ডরোল উত্তোলনের জন্য সাধারণ আদেশ নং- ০৮/মূসক/২০১৮, তারিখ: ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ জারি করেন। এ ক্ষেত্রে প্রয়োগিক কিছু সমস্যা হচ্ছে মর্মে মাঠ পর্যায় থেকে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করা হয়।

০২। তিনি জাতীয় রাজস্ব বোর্ডের বর্তমান কর-বান্ধব ও বিনিয়োগ-বান্ধব অবস্থান তুলে ধরে বিষয়টি যথাসম্ভব দ্রুততার সাথে নিষ্পত্তির উপর গুরুত্ব আরোপ করেন। এক্ষেত্রে, এ আদেশ জারির প্রেক্ষাপট ও জটিলতা তুলে ধরে সামগ্রিক বিষয়টি অবহিত করতে প্রথম সচিব (মূসক নীতি) কে অনুরোধ করেন। প্রথম সচিব (মূসক নীতি) সভাকে অবহিত করেন যে, বিড়ি দীর্ঘদিন ধরে ট্যারিফ মূল্যের অন্তর্ভূক্ত ছিল। ফলে রেয়াত গ্রহণের কোন সুযোগ ছিল না। প্রজ্ঞাপন এস.আর.ও নং-২২৯-আইন/২০১৭/৭৭৯-মূসক, তারিখ: ০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ মারফত বিড়িকে খুচরা মূল্যের আওতাভূক্ত করা হয়। এর ফলে বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান উপকরণের উপর পরিশোধিত মূসক রেয়াত প্রাপ্য হয়। যশোর এবং রংপুর ভ্যাট কমিশনারেটে কিছু প্রতিষ্ঠান রেয়াত দাবি করলে ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে বিষয়টির সুরাহা করা হয়। বর্তমানে পোস্ট অফিস থেকে ব্যান্ডরোল উত্তোলনের পরিবর্তে সিকিউরিটি প্রিন্টিং প্রেস থেকে ব্যান্ডরোল উত্তোলনের বিধান প্রবর্তন করা হয়। পোস্ট অফিস ব্যান্ডরোলের মূল্যের সমপরিমাণ অর্থ জমা প্রদান করে পে-অর্ডার দাখিলপূর্বক সিকিউরিটি প্রিন্টিং প্রেস থেকে ব্যান্ডরোল উত্তোলন করে। পরবর্তীতে বিড়ি প্রতিষ্ঠানগুলো অগ্রিম রাজস্ব পরিশোধপূর্বক পোস্ট অফিস থেকে ব্যান্ডরোল উত্তোলন করে। পোস্ট অফিস থেকে ব্যান্ডরোলের সমপরিমাণ অর্থ জমা প্রদান ব্যতীত তা উত্তোলন করার সুযোগ নেই। তাই পোস্ট অফিসের পরিবর্তে সিকিউরিটি প্রিন্টিং প্রেস থেকে ব্যান্ডরোল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সভাপতি মহোদয় বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠানকে এ বিষয়ে মতামত ব্যাক্ত করার জন্য অনুরোধ করেন। বিড়ি মালিক সমিতির পক্ষে কারিগর বিড়ির স্বত্বধিকারী জনাব বিজয় দে জানান যে, সর্বোচ্চ ১০-১২ টি প্রতিষ্ঠান সিকিউরিটি প্রিন্টিং প্রেস থেকে ব্যান্ডরোল উত্তোলন করে। ছোট ছোট প্রতিষ্ঠানগুলো সিকিউরিটি প্রিন্টিং প্রেস থেকে ব্যান্ডরোল

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৪.০০৩.১৭/ ২৪২(৮)                                      তারিখঃ ১০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

**প্রাপকঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

০১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

০২। মহাপরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর।

০৩-০৫। সদস্য (মূসক নীতি)/ (মূসক বাস্তবায়ন)/ (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৬-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৮। মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

১৯। প্রথম সচিব (মূসক) (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২০-২১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ বিড়ি শিল্প মালিক সমিতি, ঢাকা।

২২। দ্বিতীয় সচিব (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১০.০৯.১৮

**[হাছান মুহম্মদ তারেক রিকাবদার ]**
প্রথম সচিব (মূসক নীতি)